

“শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
মিরপুর, কুষ্টিয়া

স্মারক নং - ৩২.০১.৫০৯৪.০০০.০২.১৩.২৩- ১১৪

তারিখ : ০২/০১/২০২২ খ্রিঃ

বিষয় : মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় ২০২২-২৩ অর্থ বছরের ভাতাভোগী নির্বাচন সংক্রান্ত
সূত্র : ৩২.০১.০০০০.০১২.০১২.৬৮.২০-১০১ তারিখ : ২২/১২/২০২২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “মা ও শিশু সহায়তা কর্মসূচী” আওতায় মিরপুর উপজেলায় ১৩টি ইউনিয়নে ২০২২-২০২৩ অর্থ বছরের জুলাই/২০২২ হতে জানুয়ারী/২০২৩ পর্যন্ত প্রতি মাসে নিম্নলিখিত শর্ত পূরণ সাপেক্ষে গর্ভবতী মহিলা নিজে/ ইউনিয়ন ডিজিটাল সেন্টারে নির্ধারিত ৪০(চল্লিশ) টাকা ফি প্রদানের বিনিময়ে অথবা তথ্য আপার মাধ্যমে আগামী ২০/০১/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে আবেদন জমা/এন্ট্রি করা যাবে।


শর্তাবলীঃ

- ১) আবেদনকারীর বয়স ২০ বছর হতে ৩৫ বছর হতে হবে।
- ২) আবেদনকারী কমপক্ষে ০৫ মাসের গর্ভাবস্থায় থাকতে হবে।
- ৩) আবেদনকারীরকে ০১ম আখবা ২য় গর্ভাবস্থা থাকতে হবে এবং যে কোন একবার তিনি এই ভাতার আওতাভুক্ত হবেন।
- ৪) আবেদনকারীকে অবশ্যই স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা/পরিবার পরিকল্পনা দপ্তর প্রদত্ত এ,এন,সি কার্ড (এন্টি নেটাল কেয়ার কার্ড) থাকতে হবে।
- ৫) আবেদনকারীর নিজস্ব মোবাইল/এজেন্ট/অনলাইন ব্যাংক হিসাবসহ আবেদন করবেন।
- ৬) সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ৭) কম আয়ের পরিবার সমূহ যেমন দিন মজুর(রিক্সা/অটো/ভ্যান চালক/কৃষি শ্রমিক, কামার, কুমার, ধোপা, নরসুন্দর, কুলি, জেলে, বেদে, ক্ষুদ্র নৃগোষ্ঠি, গৃহকর্মে নিয়োজিত নারী) অগ্রাধিকার পাবেন।
- ৮) ভূমিহীন(বসত ভিটা আখবা কৃষি জমি ৫০শতক অথবা তার কম পরিবার অগ্রাধিকার পাবেন।
- ৯) আর্টিজমসহ সকল শারীরিক ও মানসিক প্রতিবন্ধী নারী অগ্রাধিকার পাবেন। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তরের প্রতিবন্ধীতার সার্টিফিকেট প্রমানক হিসাবে এমআইএস এ সংযুক্ত করতে হবে।
- ১০) সরকারী আশ্রয়ন প্রকল্পে বসবসকারী গর্ভবতী নারীরা অগ্রাধিকার পাবেন।

কেবল মাত্র উপরিলিখিত শর্তপূরণকারীরাই আবেদন করতে পারবেন।

প্রাপক,

চেয়ারম্যান
সকল ইউনিয়ন
মিরপুর, কুষ্টিয়া।


(তমান্নাজ খন্দকার)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
মিরপুর, কুষ্টিয়া।

জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মিরপুর, কুষ্টিয়া।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, মিরপুর, কুষ্টিয়া।
- ৩। উপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, কুষ্টিয়া।
- ৪। সংশ্লিষ্ট/অফিস নথি।